

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৩৮৭

৪৫/ দু'আসমূহ (ﷺ ১২. যে ব্যক্তি দু'আয় (প্রতিফল লাভে) তাড়াহুড়া করে

باب مَا جَاءَ فِيمَنْ يَسْتَعْجِلُ فِي دُعَائِهِ

আরবী

حَدَّقَنَا الْأَنْصَارِيُّ، حَدَّقَنَا مَعْنُ، حَدَّقَنَا مَالِكُ، عَنِ ابْنِ شِهَاب، عَنْ أَبِي عُبَيْد، مَوْلَى ابْنِ أَزْهَرَ عَنْ أَبِي هُرَيْرَة، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ "يُسْتَجَابُ لأَحَدِكُمْ مَا لَمْ يَعْجَلْ يَقُولُ دَعَوْتُ فَلَمْ يُسْتَجَبُ لِي ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ وَأَبُو عَيشَى هُذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ وَأَبُو عَبْدِ السَّمُهُ سَعْدٌ وَهُوَ مَوْلَى عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَزْهَرَ وَيُقَالُ مَوْلَى عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ وَعَبْدُ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ وَعَبْدُ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ مَعْدُ الله عنه .

বাংলা

৩৩৮৭। আবৃ হুরাইরাহ (রাযিঃ) হতে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের যে কোন ব্যক্তির দু'আই কবুল হয়ে থাকে, যতক্ষণ না সে তাড়াহুড়া করে বলতে থাকে, দু'আ তো করলাম অথচ আমার দুআ কবুল হয়নি।

সহীহঃ সহীহ আবূ দাউদ (হাঃ ১৩৩৪), বুখারী ও মুসলিম।

আবূ ঈসা বলেন, হাদীসটি হাসান সহীহ। আবূ উবাইদের নাম সাদ, তিনি আব্দুর রহমান ইবনু আযহারের মুক্ত খাদিম। তিনি আব্দুর রহমান ইবনু আওফ (রাযিঃ)-এর খাদিম বলেও কথিত। আবদুর রহমান ইবনু আযহার হলেন আবদুর রহমান ইবনু আওফের চাচাত ভাই। আবূ ঈসা বলেন, এ অনুচ্ছেদে আনাস (রাযিঃ) হতেও হাদীস বর্ণিত আছে।

English

Abu Hurairah narrated that :

the Prophet said: "One of you will be responded to, so long as he is not



hasty, saying: 'I supplicated, and I was not responded to.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন